

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩২৬৩

(কتاب تفسیر القرآن عن رسول الله ﷺ) কুরআন তাফসীর ৫০/

পরিচ্ছেদঃ সূরা ফাতহ

بَابُ: وَمِنْ سُورَةِ الْفَتْحِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ بْنُ حُمَيْدٍ، حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، عَنْ مَعْمَرٍ، عَنْ قَتَادَةَ، عَنْ أَنَسٍ، رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: أَنْزِلَتْ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لِيُغْفَرَ لَكَ اللَّهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِكَ وَمَا تَأَخَّرَ) مَرْجِعُهُ مِنَ الْحُدَيْبِيَّةِ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ "لَقَدْ أَنْزِلَتْ عَلَيَّ آيَةٌ أَحَبُّ إِلَيَّ مِمَّا عَلَى الْأَرْضِ ثُمَّ قَرَأَهَا النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَيْهِمْ فَقَالُوا هَنِيئًا مَرِيئًا يَا نَبِيَّ اللَّهِ قَدْ بَيَّنَّ اللَّهُ لَكَ مَاذَا يُفْعَلُ بِكَ فَمَاذَا يُفْعَلُ بِنَا فَنَزَلَتْ عَلَيْهِ: (لِيُدْخِلَ الْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ جَنَّاتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ) حَتَّى بَلَغَ: (فَوْزًا عَظِيمًا) قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ وَفِيهِ عَنْ مُجَمِّعِ بْنِ جَارِيَةَ.

বাংলা

৩২৬৩. আবদ ইবন হুমায়দ (রহঃ) আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেনঃ (لِيُغْفَرَ لَكَ اللَّهُ) — যেন আল্লাহ আপনার অতীত ও ভবিষ্যত ত্রুটিসমূহ মার্জনা করেন (সূরা ফাতহ ৪৮: ২)। এই আয়াতটি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর হৃদয়বিয়া থেকে ফেরার সময় নাযিল হয়। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আমার উপর এমন একটি আয়াত নাযিল হয়েছে যেটি আমার নিকট পৃথিবীর সবকিছু থেকে প্রিয়। এরপর তিনি উক্ত আয়াতটি তাঁদের পাঠ করে শুনালেন। সাহাবীগণ বললেনঃ মুবারকবাদ আপনার জন্য। স্বাচ্ছন্দময় ও অনাবিল জীবন হোক আপনার হে আল্লাহর রাসূল। আপনার সঙ্গে কি আচরণ করা হবে তা তো আল্লাহ তা'আলা স্পষ্ট করে বলে দিলেন। কিন্তু আমাদের সাথে কি ব্যবহার করা হবে? তখন নাযিল হলঃ

لِيُدْخِلَ الْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ جَنَّاتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ

আর তা এই জন্য যে, তিনি মু'মিন পুরুষ ও মু'মিন নারীদের দাখিল করবেন জান্নাতে যার নিম্নদেশে নদী প্রবাহিত সেথায় তারা স্থায়ী হবে এবং তিনি তাদের পাপ মোচন করে দিবেন। এটাই তো আল্লাহর কাছে মহা সাফল্য (সূরা

ফাতহ ৪৮ঃ ৫)।

الخ... فَقَالُوا هَنِيئًا এই অংশটুকু মুরসাল, মুসলিম ৫/১৭৬ আনাস হতে ওই অতিরিক্ত অংশ ব্যাতিতি, তা শাজ।]

হাদীসটি হাসান-সহীহ। এই বিষয়ে মুজাম্মি' ইবন জারিয়া রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে।

English

Narrated Anas [May Allah be pleased with him]:

"While the Messenger of Allah (ﷺ) was returning from Al-Hudaibiyyah it was revealed to him, 'That Allah may forgive you your sins of the past and the future (48:2).' So the Prophet (ﷺ) said: 'An Ayah has been revealed to me which is dearer to me than whatever is upon the earth.' Then the Prophet (ﷺ) recited it for them and they said: 'Congratulations O Messenger of Allah! Allah has explained what He will do with you, but what will He do with us?' So (the following) was revealed: 'That He may admit the believing men and the believing women into Gardens under which rivers flow' up to (His Saying) 'a supreme success (48:5).'"

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=38654>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন